দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 2 1 1999
পৃঃ ২০ কলাম ৪

# শিক্ষা সম্পর্কিত ৪ সপ্তাহের প্রশিক্ষণ কোর্স শুরু

চট্টগ্রাম অফিস ॥ শিল্প সম্পর্ক শিক্ষায়তন চট্টগ্রাম এর উদ্যোগে সম্প্রতি ৪ সপ্তাহব্যাপী ২৯ তম শিল্প সম্পর্ক বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের ৩০ জন ব্যবস্থাপনা, কর্মকর্তা ও শ্রমিক নেতৃবৃন্দ এ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করিতেছে। কেপিএম-এর ম্যানেজার (অবঃ) এস, এ, নিজামী প্রধান অতিথি হিসাবে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন। শিক্ষায়তনের অধ্যক্ষ হাবিবুর রহমান মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষায়তনের অপর কর্মকর্তাবৃন্দ বক্তৃতা করেন। অনুষ্ঠানের বক্তারা শিল্পক্ষেত্রে শ্রমিক-মালিক সম্প্রীতি ও পারস্পরিক সহযোগিতা আরও বেশী প্রয়োজন বলিয়া উল্লেখ করেন। বক্তারা শিল্পক্ষেত্রে শান্তি শৃঙ্খলা, অব্যাহত উৎপাদন ও শ্রমিক-মালিক সম্পর্ক উন্নয়নে এ প্রশিক্ষণ কোর্স গুরুত্বপূর্ণ অবদান রাখিবে বলিয়া দৃঢ় আশা ব্যক্ত করেন। উল্লেখ্য, সরকারী নীতি ও আদর্শের অনুসরণে শিল্প সম্পর্ক শিক্ষায়তন প্রতি বছর এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করিয়া আসিতেছে।